

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আতিকুল ইসলাম ১৯৭৯ সালে চাঁদপুর জেলার মতলব থানার ২নং বাগানবাড়ি ইউনিয়নের মৌটুপী গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহন করেন। তার বাবার নাম মোঃ আবুল হাসেম যিনি একজন অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা এবং তার মাতার নাম মিসেস সাহানা জ বেগম। তিনি বাগানবাড়ি আইডিয়াল একাডেমী উচ্চ বিদ্যালয় হতে ১৯৯৪ সালে S.S.C, সরকারি তিতুমীর বিশ্ববিদ্যালয় কলেজ ঢাকা হতে ১৯৯৬ সালে H.S.C এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঢাকা হতে ১৯৯৯ সালে ব্যবস্থাপনায় (সম্মান) ও ২০০০ সালে ব্যবস্থাপনায় স্নাতনত্তোর ডিগ্রী অর্জন করেন। তিনি ২০১২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় (ঢাকা ল কলেজ) হতে এল এল বি ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ আতিকুল ইসলাম ২০০৬ সালের ১০ এপ্রিল নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি ২০০৯ সাল হতে বাংলাদেশ সচিবালয় একাউন্টস্ এসোসিয়েশন এর মহা-সচিবের দায়িত্ব পালন করে আসছেন এবং তার নেতৃত্বে সরকারি কর্মচারীদের অনেক দাবী অর্জিত হয়েছে।

জনাব মোঃ আতিকুল ইসলাম বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক। তার স্ত্রীর নাম আরিফা হোসেন তারানা, বড় ছেলের নাম আরাফাত ইসলাম এবং ছোট ছেলের নাম আবরার ইসলাম। তিনি বিভিন্ন সময়ে সরকারি কাজে ইউরোপ ও এশিয়ার বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

তিনি অবসরে ক্রিকেট খেলা দেখতে ও গান শুনতে পছন্দ করেন।